# তারাগঞ্জ উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মোঃ আনিছুর রহমান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
তারাগঞ্জ, রংপুর

তারিখ ও সময় : ৩১.১২.২০২৩ খ্রি., সকাল ১১:০০ টা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।

[সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা : হাজিরা রেজিস্টারে সংরক্ষিত আছে]

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ডিসেম্বর/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, তারাগঞ্জ, রংপুর গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। পাঠান্তে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর সভাপতি বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তের জন্য সকল সদস্য ও কর্মকর্তাকে অনুরোধ জানান। সকল কর্মকর্তা নিজ নিজ বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা করেন।

**আলোচনা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :**

| ক্রম | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তারাগঞ্জ, রংপুরের প্রতিনিধি সভায় জানান যে, জরুরি বিভাগ, বর্হি বিভাগ ও আন্তঃ বিভাগে আগত রোগীর সেবা প্রদান, গর্ভবতী মায়েদের সেবা প্রদান, নরমাল ডেলিভারি বাচ্চাদের সমাজসেবা অফিসের সহায়তায় উপহার সামগ্রী প্রদানসহ নিয়মিত কোভিড টিকা প্রদান করা হচ্ছে। তিনি জানান, উপজেলায় মোট ০৬টি ডায়াগনোস্টিক সেন্টার রয়েছে। ডায়াগনোস্টিক সেন্টারের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | ১. হাসপাতাল বা ক্লিনিকে সার্বক্ষণিক বিদ্যুতের ব্যবস্থা করতে হবে।<br>২. ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধি করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কে স্থিরচিত্র, ভিডিও প্রেরণ করতে হবে।<br>৩. ডেঙ্গু প্রতিরোধে এডিস মশার লার্ভা সনাক্ত, ডেঙ্গু জ্বরের বাহক এডিস মশা নিধনে উপজেলায় তৎপরতা এবং ডেঙ্গু আক্রান্ত রোগীর প্লাটিলেট পরীক্ষা করে আলাদা করতঃ পরবর্তী কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪. এ উপজেলার কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে মাঠ পর্যায়ে স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ এবং স্বাস্থ্য কর্মীদের টিকাদান কেন্দ্রে মা, শিশু কিশোরীদের ইপিআই টিকাদান প্রদানের পাশাপাশি সকল গর্ভবর্তী মাকে রেজিস্ট্রেশনভুক্ত করে এএনসি সেবা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে<br>৫. ইউনিয়ন পর্যায়ের স্বাস্থ্য কর্মীদের কার্যক্রম মনিটরিংসহ নিয়মিত কমিউনিটি ক্লিনিকগুলো পরিদর্শন করতে হবে।<br>৬. এ উপজেলার লাইসেন্সবিহীন ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারগুলোর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৭. কোন ধরণের রোগীকে রেফার করা হচ্ছে তার তথ্য দাখিল করতে হবে।<br>৮. দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| ২ | উপজেলা কৃষি সম্প্রসারণ বিভাগ | উপজেলা কৃষি অফিসার, তারাগঞ্জ, রংপুর সভায় জানান, এ উপজেলায় আগাম আলু আবাদ লক্ষ্যমাত্রা ৩৫০ হেক্টর, কর্তন ৮০ হেক্টর। আদর্শ বোরো বীজতলা স্থাপন। এছাড়া সরিষা আবাদের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে মর্মে সভায় অবহিত করেন। | ১. তিন ফসলি জমিগুলো চার ফসলি জমিতে রূপান্তর করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২. আলু আবাদের লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩. তামাক উৎপাদনে কৃষকদের নিরুৎসাহিত করতে হবে।<br>৪. উপজেলায় বিভিন্ন ফসলের বীজের বরাদ্দ প্রাপ্তি, বিক্রি ও স্থিতি কার্যক্রম অব্যাহত রাখতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, তারাগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ৫.যে সকল ফসলের উপর প্রণোদনা দেয়া হচ্ছে সেগুলো নিয়মিত মনিটরিং করতে হবে।<br>৬.দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | |
| ৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তারাগঞ্জ, রংপুর জানান, গবাদি পশুসহ অন্যান্য গৃহপালিত প্রাণির সুচিকিৎসায় মাঠ কর্মীগণ স্ব স্ব এলাকায় কাজ করছেন। তিনি প্রতিটি ইউনিয়নে দায়িত্বরত মাঠকর্মীদের কার্যক্রম মনিটরিং করাসহ গবাদি পশুসহ অন্যান্য গৃহপালিত প্রাণির সুচিকিৎসায় সংশ্লিষ্ট চাষীদের পরামর্শ প্রদান করে আসছেন। এ উপজেলায় গবাদিপশুর লাম্পি স্কিন ডিজিজ নিয়ন্ত্রণের লক্ষে এ পর্যন্ত ৬,৬০০টি গরুর টিকা প্রদান করা হয়েছে। পর্যায়ক্রমে টিকা প্রাপ্তি সাপেক্ষে উপজেলাধীন সকল ইউনিয়নে টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। প্রতিটি গ্রামে উঠান বৈঠকের মাধ্যমে লাম্পি স্কিন ডিজিজ নিয়ন্ত্রণ বিষয়ক লিফলেট বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া এ উপজেলায় (ক) লাইভস্টক এন্ড ডেইরি উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) (খ) পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্প (গ) জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেরিনারি পাবলিক হেলথ সার্ভিস জোরদারকরণ প্রকল্প (ঘ) ঘাষ চাস সম্প্রসারণ প্রকল্প চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন। | ১. প্রশিক্ষণপ্রাপ্ত সকল প্রশিক্ষণার্থীকে ক্ষেত্রভিত্তিক সনদ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২.প্রণোদনা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>৩. পশুরোগ আইন ২০০৫, মৎস্য খাদ্য ও পশু খাদ্য আইন ২০১০ এবং পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ আইন ২০১১ এর আওতায় উপজেলা নির্বাহী অফিসারের সাথে সমন্বয় করে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>৪.মাঠ পর্যায়ে খামারিদের গবাদিপশুর সংক্রমক রোগের বিস্তার রোধে ভেটেরিনারি মেডিকেল টিমের তৎপরতা বৃদ্ধি করতে হবে।<br>৫.দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তারাগঞ্জ |
| ৪ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রকল্পের আওতায় জানুয়ারি/২০২৩ হতে জুন/২০২৩ পর্যন্ত উপবৃত্তি বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক নভেম্বর/২৩ মাসে ৩৫টি বিদ্যালয় পরিদর্শন করা হয়েছে। এছাড়া উপজেলার ৭৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০২৪ শিক্ষাবর্ষে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিদ্যালয় পর্যায়ে বিতরণ করা হয়েছে মর্মে সভায় অবহিত করেন। | ১. প্রতি বছরের ন্যায় ০১ জানুয়ারি, ২০২৪ তারিখ ছাত্র-ছাত্রীদের নতুন বই দেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২. প্রতিটি বিদ্যালয়ে কাব দল ও হলদে পাখির দল গঠন করে প্রতিবেদন দাখিল করতে হবে।<br>৩. মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র অনুযায়ী উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করে ছাত্র/ছাত্রীদের উপস্থিতির গড় তালিকা ছক মোতাবেক দাখিল করতে হবে।<br>৪. বিদ্যালয় পরিদর্শনের প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>৫. বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য কী ধরণের শিক্ষা উপকরণ লাগবে তার তালিকা ও মোট ছাত্র/ছাত্রীর সংখ্যা এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>৬. জানুয়ারি ২০২৪ থেকে উপজেলার সকল প্রাথমিক০ বিদ্যালয়ে শতভাগ স্কাউটিং কার্যক্রম নিশ্চিত করতে হবে।<br>৭. যে সকল শিক্ষার্থী প্রায় বিদ্যালয়ে আসে না তাদের বিদ্যালয়ে নিয়ে আসার জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৮. দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, তারাগঞ্জ, রংপুর। |
| ৫ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ প্রকল্পের আওতায় ৮.০০ কি.মি. রাস্তা এইচবিবি করণ করা হয়েছে। গ্রামীণ মাটির রাস্তায় ৪০ ফুট দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের আওতায় ০৩টি সেতু/কালভার্ট নির্মাণের অপেক্ষাধীন রয়েছে। এছাড়া গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) কমূসূচির আওয়ায় ৪৬টি প্রকল্প এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (টিআর) কমূসূচির আওয়ায় ১২৫টি প্রকল্পের কাজ চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন। | ৩. প্রকল্পসমূহ প্রাক্কলন অনুযায়ী নিয়মিত তদারকি করাসহ যথাসময়ে শেষ করতে হবে।<br>৪. দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, এ উপজেলায় আর্থ-সামাজিক উন্নয়নে তিনি এবং মাঠকর্মীগণ কাজ করছেন। তিনি বলেন, প্রশিক্ষণ কার্যক্রম, আত্মকর্মী, যুব ঋণ কার্যকম চলামান রয়েছে। এছাড়া রেজিস্ট্রেশনভুক্ত যুব সংগঠন ১৮টি রয়েছে মর্মে সভায় অবহিত করেন। | ১. যুব কল্যাণ তহবিল থেকে প্রাপ্ত অনুদান যথাযথভাবে অনুমোদিত যুব সংগঠনগুলোর মাঝে বিতরণ নিশ্চিত করতে হবে।<br>২. প্রশিক্ষণপ্রাপ্ত যুবকদের স্বাবলম্বী এবং আত্মনির্ভরশীল করে গড়ে তোলার জন্য ঋণ প্রাপ্তি নিশ্চিত করতে হবে।<br>৩. ঋণ প্রদানসহ প্রশিক্ষণ প্রাপ্তদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>৪. দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, তারাগঞ্জ, রংপুর |
| ৭ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা (ভারপ্রাপ্ত), তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, দেশীয় প্রজাতী ছোট মাছ রক্ষার্থে বিভিন্ন নদী ও বিলে বিভিন্ন ধরণের নিষিদ্ধ জাল অভিযান ও মোবাইল কোর্টের মাধ্যমে জব্দ করে আগুনে পুরানো ও জরিমানা করা হচ্ছে। এছাড়া মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য খামারীগণের পুকুর/জলাশয়গুলি নিয়মিত পরিদর্শন করে পরামর্শ প্রদান করা হচ্ছে মর্মে সভায় অবহিত করেন। | ১. মৎস্য সংরক্ষণ আইন ১৯৫০ সম্পর্কে সকলকে সচেতন করার পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২. মৎস্য চাষীদের মাছের রোগবালাই প্রতিরোধে নিয়মিত মনিটরিংসহ পরামর্শ প্রদান করতে হবে।<br>৩. দেশীয় প্রজাতির মাছ রক্ষায় রিং জাল, কারেন্ট জাল, চায়না জাল ক্রয়-বিক্রয় এবং স্থাপনের বিরুদ্ধে উপজেলা নির্বাহী অফিসারের সাথে সমন্বয় করে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>৪. ইলেক্ট্রফিশিং প্রতিরোধে পুলিশ বিভাগের সহায়তায় কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৫. দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, তারাগঞ্জ |
| ৮ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তারাগঞ্জ, রংপুর সভায় জানান, পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতির সেবা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া গর্ভকালীন সেবা, প্রসবকালীন সেবা এবং প্রসবোত্তর সেবা প্রদান করে আসছে মর্মে সভায় অবহিত করেন। | ১. পরিবার পরিকল্পনা কল সেন্টার ১৬৭৬৭ সকলের নিকট প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসহ কমিউনিটি ক্লিনিক, মা ও শিশু কল্যাণ কেন্দ্রে পরিবার পরিকল্পনা বিষয়ক সেবা নিশ্চিত করতে হবে।<br>৩. আশ্রয়ণ প্রকল্পে বসবাসরত পরিবারের মধ্যে পরিবার-পরিকল্পনা কার্যক্রম গ্রহণে কার্যকরী পদক্ষেপ নিতে হবে।<br>৪. কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম আরও গতিশীল ও টেকসই করার লক্ষ্যে মনিটরিং ও সুপারভিশন কার্যক্রম জোরদারকরণের সার্বিক পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৫. দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার,তারাগঞ্জ |
| ৯ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. মা ও শিশু সহায়তা কর্মসূচিসহ বিভিন্ন ভাতা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২. দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ১০ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. নতুন অর্থবছরে প্রাপ্ত বরাদ্দ ও গৃহীত কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত সঠিকভাবে উপকারভোগী বাছাই করতে হবে।<br>২. সকল ভাতাভোগীদের অনলাইন ডাটাবেইজ হালনাগাদ রাখতে হবে। অনলাইন ডাটাবেইজের তালিকার কোন ধরণের পরিবর্তন হলে তা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অবহিত করতে হবে।<br>৩. দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, তারাগঞ্জ |
| ১১ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, তার আওতাধীন সর্বমোট সমবায় সমিতির সংখ্যা ২১৯টি। তিনি জানান, সমবায়ীগণকে তাদের দক্ষতা | ১. নির্ধারিত সময়ের মধ্যে গুণগতমান বজায় রেখে প্রকল্প বাস্তবায়ন করতে হবে।<br>২. সমবায় সমিতিগুলোর বছর শেষে সমিতির | উপজেলা সমবায় অফিসার, তারাগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উন্নয়নের জন্য জুলাই/২০২৩ মাস হতে অদ্যাবধি ৫০ জন সমবায়ীকে জেলা সমবায় কার্যালয়ের ভ্রাম্যমান প্রশিক্ষণ টিমের উপস্থিতিতে এ উপজেলায় দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং দক্ষতা উন্নয়ন ও স্বাবলম্বী হওয়ার জন্য আঞ্চলিক সমবায় শিক্ষায়তন, রংপুরে আইজিএ (মৎস্য চাষ) প্রশিক্ষণে ০২ জন ও আইজিএ (কম্পিউটার) প্রশিক্ষণে ০২ জন সমবায়ীকে প্রশিক্ষণ গ্রহণের জন্য প্রেরণ করা হয়েছে। সমিতির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। | লভ্যাংশ সকল সদস্য যে পায় তা নিশ্চিত করতে হবে।<br>৩. স্থিরচিত্রসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>৪. উপজেলার আশ্রয়ণ প্রকল্পগুলোতে সমবায় সমিতি গঠন করতে হবে।<br>৫. সমবায় সমিতির সদস্যদের তালিকা প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>৬. উপকারভোগী নির্বাচন এবং ঋণ বিতরণের ক্ষেত্রে যথাযথ নিয়ম অনুসরণপূর্বক স্থানীয় জনপ্রতিনিধিগণকে অবগত করতে হবে।<br>৭. দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় জানান, উপজেলায় আবর্তক, সদাবিক, পল্লী প্রগতি, উদকনিক, অপ্রধান শস্য, বীর মুক্তিযোদ্ধা ও কোভিট-১৯ প্রকল্প/কর্মসূচি চলমান রয়েছে। এসব প্রকল্পের আওতায় মাসে ঋণ বিতরণ ১৪.০৭ লক্ষ টাকা, বছরে ৪২.১৪ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিভূত ৯৫৫.৫৮ লক্ষ টাকা। আসল আদায় মাসে ৪.৭১ লক্ষ টাকা, বছরে ৩০.০৩ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিভূত ৮৬৭.১৩ লক্ষ টাকা। সঞ্চয় আদায় মাসে ০.৭০ লক্ষ টাকা, বছরে ২.৭০ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিভূত ৫৮.৫১ লক্ষ টাকা এবং শেয়ার আদায় মাসে ০.০২ লক্ষ টাকা, বছরে ০.০৩ লক্ষ টাকা, ক্রমপুঞ্জিভূত ১৩.৫৯ লক্ষ টাকা। এছাড়া বছরে ৪০ জন ও ক্রমপুঞ্জিভূত ৪০০ জনকে প্রশিক্ষণ প্রদান এবং বীজ/চারা বছরে ৪০ জন ও ক্রমপুঞ্জিভূত ৩০৭ জনকে বিতরণ করা মর্মে সভায় অবহিত করেন। | ১. ঋণ প্রাপ্তদের মোবাইল নম্বর, এনআইডি নম্বরসহ প্রশিক্ষণ প্রাপ্তদের তালিকার একসেট এবং প্রশিক্ষণ প্রদানের স্থিরচিত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>২. কারিগরি শিক্ষা দিয়ে উদ্যোক্তা তৈরি ও কর্মসংস্থানের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।<br>৩. দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তারাগঞ্জ |
| ১৩ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, তারাগঞ্জ, রংপুর জানান, তারাগঞ্জ উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যানের কোয়ার্টার এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন দু'টি বসবাসের অনুপযোগী হওয়ায় পরিত্যক্ত ঘোষণার জন্য গত নভেম্বর/২০২৩ মাসের সভায় ১৯(চ) অনুচ্ছেদে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে বিল্ডিং দু'টি অপসারণ ভ্যালুয়েশন নির্ধারণ করা হয়, যথাক্রমে- উপজেলা পরিষদ চেয়ারম্যানের কোয়ার্টার অপসারণ মূল্য ২,১৯,২৯৮/- (দুই লক্ষ উনিশ হাজার দুইশত আটানব্বই) টাকা এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন অপসারণ মূল্য ২,১১,০৬৬/- (দুই লক্ষ এগার হাজার ছেষট্টি) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>উপজেলা প্রকৌশলী, তারাগঞ্জ, রংপুর জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর ২০২১-২০২২ অর্থ বছরের (৬ষ্ঠ পর্যায়) অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের আওতায় প্রাক্কলিত ১১,৯৪,৪৩০/২৫ (এগার লক্ষ চুরানব্বই হাজার চারশত ত্রিশ টাকা পঁচিশ) (ভ্যাট ও আইটিসহ) টাকা। (ক) তারাগঞ্জ উপজেলার ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলোতে ডেলিভারি বেড, স্পট লাইট, অক্সিজেন সিলিন্ডার, ফ্লো-মিটার অক্সিজেন, আইপিএস সোলার, থার্মাল স্ক্যানার ও পাল্স অক্সিমিটার সরবরাহ ভ্যাট আইটিসহ ২,৭৪,২২৯/- (দুই লক্ষ চুয়াত্তর হাজার দুইশত উনত্রিশ) টাকা (খ) উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নীচু বেঞ্চ সরবরাহ ভ্যাট আইটিসহ ৯,২০,২০১/- (নয় লক্ষ বিশ হাজার দুইশত এক) টাকা অনুমোদনের জন্য ইউজিডিপি প্রকল্প অফিসে প্রেরণ করা যেতে পারে। | ১. উপজেলা পরিষদ চেয়ারম্যানের কোয়ার্টার এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের অপসারণের নিমিত্ত কার্যকর পদক্ষেপ গ্রহণপূর্বক প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদনসহ জেলা কনডেমনেশন কমিটি বরাবর পত্র প্রেরণ করতে হবে।<br>২. পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর ২০২১-২০২২ অর্থ বছরের (৬ষ্ঠ পর্যায়) অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের আওতায় (ক) তারাগঞ্জ উপজেলার ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলোতে ডেলিভারি বেড, স্পট লাইট, অক্সিজেন সিলিন্ডার, ফ্লো-মিটার অক্সিজেন, আইপিএস সোলার, থার্মাল স্ক্যানার ও পাল্স অক্সিমিটার সরবরাহ (খ) উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নীচু বেঞ্চ সরবরাহের অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩. উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্পসমূহ বাস্তবায়ন করতে হবে।<br>৪. গৃহীত প্রকল্পসমূহের গুণগতমান নিশ্চিত করে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করতে হবে এবং চলমান প্রকল্পসমূহের ডিপিপি/ কর্মসূচি ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>৫. চলতি ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) এবং রাজস্ব উন্নয়ন তহবিল (জিওবি) প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ করতে হবে।<br>৬. পানি আইন, ২০১৩ এর ১৩ এবং ২০ ধারার বিধান অনুসরণপূর্বক জলপ্রবাহে বাঁধা সৃষ্টি না করে নির্মাণ কাজ করতে হবে। | উপজেলা প্রকৌশলী তারাগঞ্জ, রংপুরসহ সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | উপজেলা প্রকৌশলী, তারাগঞ্জ, রংপুর জানান, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে :<br>১ \| তারাগঞ্জ উপজেলার ০৫টি ইউনিয়নে ক্রীড়া সামগ্রী বিতরণ \| ২,০০,০০০/- \| PIC<br>২ \| তারাগঞ্জ উপজেলার ০৫টি ইউনিয়নে ফ্যান বিতরণ \| ২,০০,০০০/- \| PIC | ৭. দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | |
| ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, তারাগঞ্জ, রংপুর সভায় জানান, নিরাপদ পানি সরবরাহ (কমিউনিটি বেজ পাইপ ওয়াটার সাপ্লাই) কাজ ৮০% সম্পন্ন হয়েছে। ০৩টি বিদ্যালয়ে পিইডিপি-৪ (দ্বি-তল ওয়াশব্লক) এর কাজ ৯৫% সম্পন্ন হয়েছে। এছাড়া ০৩টি বিদ্যালয়ে জিপিএস (দ্বি-তল ওয়াশব্লক) নির্মাণের লক্ষ্যে সয়েল টেস্ট সম্পন্ন করা হয়েছে মর্মে সভায় অবহিত করেন। | ১. উপজেলায় ১০০% স্যানিটেশন বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২. নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করার কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩. সাইট নির্বাচন করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪. সকল প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের যেগুলোতে ওয়াশব্লক নেই সে সকল বিদ্যালয়ের তালিকা তৈরি করে দ্রুত ওয়াশব্লক নির্মাণ করার কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। এছাড়া বয়স বিবেচনা করে বেসিন ও কমোড স্থাপন নিশ্চিত করতে হবে।<br>৫. এ উপজেলায় শতভাগ টিউবওয়েল স্থাপন নিশ্চিত করতে হবে।<br>৬. দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) তারাগঞ্জ |
| ১৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, (১) উপজেলায় ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির জন্য নতুন কারিকুলাম বিস্তরণ' বিষয়ক ০৭ দিনব্যাপী বিষয়ভিত্তিক শিক্ষকগণের প্রশিক্ষণ গত ১৭/১২/২০২৩ হতে ২৩/১২/২০২৩ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে ৩৭২ জন শিক্ষক প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। (২) ২০২৪ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের হাতে নতুন পাঠ্যপুস্তক বিতরণের লক্ষ্যে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা হতে মাধ্যমিক স্তরের প্রাপ্ত ১,১৫,৮৫০টি, প্রাপ্তির হার ৫৪.২৫%, দাখিল স্তরের ২৯,৭০০টি, প্রাপ্তির হার ৬৩.৩৯% এবং ইবতেদায়ী স্তরের প্রাপ্ত ৪০,০০০টি, প্রাপ্তির হার ১০০%। মাধ্যমিক স্তরের ১,০৪,৪৫০টি, দাখিল স্তরের ২৭,৪০০টি এবং ইবতেদায়ী স্তরের ৩৪,৬০০টি পাঠ্যপুস্তক প্রতিষ্ঠান প্রধানের নিকট হস্তান্তর করা হয়েছে। আগামী ০১ জানুয়ারি, ২০২৪ তারিখে বই উৎসবের মধ্য দিয়ে শিক্ষার্থীদের হাতে নতুন পাঠ্যপুস্তক বিতরণ করা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। | ১. শিক্ষার্থীর উপস্থিতির তালিকা নিতে হবে এবং যে সকল শিক্ষার্থী প্রায় বিদ্যালয়ে আসে না তাদের বিদ্যালয়ে নিয়ে আসার জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২. মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র অনুযায়ী উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করে ছাত্র/ছাত্রীদের উপস্থিতির গড় তালিকা ছক মোতাবেক দাখিল করতে হবে।<br>৩. বিদ্যালয় পরিদর্শনের প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>৪. জানুয়ারি ২০২৪ থেকে উপজেলার সকল মাধ্যমিক বিদ্যালয়ে শতভাগ স্কাউটিং কার্যক্রম নিশ্চিত করতে হবে।<br>৫. দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তারাগঞ্জ |
| ১৬ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর জানান যে, বিক্রয় ও বিতরণের জন্য ১০,০০০ (দশ হাজার) চারা উত্তোলনের কাজ চলমান রয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. এ উপজেলার অবৈধ করাতকলের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করতে হবে। অবৈধ করাতকলগুলোর বিরুদ্ধে উপজেলা নির্বাহী অফিসারের সাথে সমন্বয় করে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>২. দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা ফরেস্টার, বন বিভাগ, তারাগঞ্জ |

## উপজেলা পরিষদের অহস্তান্তরিত বিভাগসমূহ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, এ উপজেলায় এসভিআরএস প্রকল্পের আওতায় ২টি নির্বাচিত নমুনা এলাকায় স্থানীয় রেজিস্টারের মাধ্যমে তথ্য সংগ্রহ, আমন ফসলের নমুনা কর্তন কার্যক্রম চলমান। গম ও আলু ফসলের | ১. এসডিজি বিষয়ক সূচকের তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে এবং নিয়মিত এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>২. দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তারাগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পূর্বাভাস জরিপ সম্পন্ন হয়েছে। এছাড়া বিভিন্ন প্রকার স্থায়ী ও অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব তৈরি কার্যক্রম চলমান রয়েছে। | | |
| ২ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তারাগঞ্জ, রংপুর জানান যে, তারাগঞ্জ এলএসডি গোডাউনে ৩০.১২.২০২৩ তারিখ পর্যন্ত চালের মজুদ বোরো চাল ৩০৭.৮৩৭ মে.টন, আমন চাল ২২৭৪.৯৬০ মে. টন ও কার্নেল ০.০৩৫ কেজি। খালি বস্তা (৫০ কেজি পুরাতন) ১,১৫২টি এবং খালি বস্তা (৩০ কেজি নতুন) ২৬,২৩৫টি। আমন ধান সংগ্রহ/২৩-২৪ লক্ষ্যমাত্রা ৩৮১.০০০ মে.টন। আমন চাল সংগ্রহ/২৩-২৪ লক্ষ্যমাত্রা ২৩১৮.০০০ মে.টন। খাদ্য বান্ধন খাতে ০৫টি ইউনিয়নে ১৮ জন ডিলার রয়েছে। টিসিবি খাতে ০৫টি ইউনিয়নে ১০.১১৮ জন ভোক্তার কাছে ৫০.৫৯০ মে. টন চাল বিতরণ চলছে। ভিডব্লিবি খাতে ৩০৮৩ জন ভোক্তার কাছে ৯২.৪৯০ মে. টন চাল বিতরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। | ১. নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুসারে ধান ও চাল সংগ্রহ এবং মজুদের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২. দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তারাগঞ্জ |
| ৩ | উপজেলা আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় জানান, ০৬/১০/২০২৩ তারিখ ভিডিপি মৌলিক ও অস্ত্র প্রশিক্ষণে ০৬ জন আনসার সদস্যকে এবং ২৮/১০/২০২৩ তারিখ ০৫ জন আনসার সদস্যকে প্রেরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে এবং মাঠ পর্যায়ে আনসার ও ভিডিপি কর্মীদের বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে তথ্যের সোর্স হিসেবে কাজ করতে হবে।<br>২. দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, তারাগঞ্জ |
| ৪ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, তারাগঞ্জ, রংপুর সভায় জানান, উপজেলায় মোট সমিতির সংখ্যা ১৪৪টি। উপকারভোগীর সংখ্যা ৭৪৭২ জন। উপকারভোগীর মাঝে চলতি মাসে ঋণ বিতরণ ১৪,৯৫,০০০/- টাকা, ঋণ আদায় ১৮,৭৪,২৬০/- টাকা এবং সঞ্চয় আদায় ১,০৮,৬৬০/- টাকা মর্মে সভায় অবহিত করেন। | ১. বিতরণকৃত ঋণের অর্থ যাতে খেলাপি না হয় সেজন্য আরও সোচ্ছার হতে হবে।<br>২. ঋণ বিতরণের সময় সংশ্লিষ্ট জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে।<br>৩. দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | শাখা ব্যবস্থাপক উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক |
| ৫ | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, তারাগঞ্জ, রংপুর জানান যে, খোর্দ বেলাইচন্ডি, ভীমপুর, বিষ্ণুপুর, রহিমাপুর, কিসামত মেনানগর মৌজায় মোট ০৫টি পুকুর খনন করা হয়েছে। মোট গভীর নলকূপ সংখ্যা ৫৭টি, বর্তমানে চালু আছে ৪২টি। এছাড়া এলএলপি সংখ্যা ০৬টি মর্মে সভায় অবহিত করেন। | ১. চলমান ডেভলপমেন্ট প্রজেক্ট প্রোপোজাল (ডিপিপি)সহ অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>২. বাস্তবায়ন অগ্রগতি ডিপিপিভিত্তিক হতে হবে<br>৩. খননের পূর্বের ও পরের স্থিরচিত্রসহ প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>৪. দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, তারাগঞ্জ জোন |
| ৬ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, ক্ষুদ্রঋণ কার্যক্রম, ক্ষুদ্র উদ্যোক্তাদের ঋণ কার্যক্রম, নারী উদ্যোক্তা ঋণ কার্যক্রম এবং প্রণোদনা ঋণ কার্যক্রম চলমান রয়েছে। নভেম্বর/২০২৩ মাসে মোট ঋণ বিতরণ ৪৫.১৭ লক্ষ টাকা এবং আদায় ৪৫.৪২ লক্ষ টাকা। ঋণ আদায়ের হার ৯১%। | ১. ঋণ গ্রহণকারীদের তালিকা প্রেরণ করতে হবে।<br>২. ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে।<br>৩. সকল আশ্রয়ণ প্রকল্পে লাইট স্থাপন করতে হবে।<br>৪. দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ৭ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ডিভলোমেন্ট ফ্যাসিলিটেটর (ইউজিডিপি) |
| ৮ | উপজেলা তথ্যসেবা বিভাগ | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তারাগঞ্জ, রংপুর জানান, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় গ্রামীণ সুবিধাবঞ্চিত নারীদের তথ্যপ্রযুক্তিতে প্রবেশাধিকার এবং তথ্যপ্রযুক্তিভিত্তিক সেবা প্রদানের মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন নিশ্চিত করা। ল্যাপটপ ব্যবহারের মাধ্যমে প্রকল্প এলাকাধীন গ্রামবাসীর | দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বাড়িতে গিয়ে শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার এবং কৃষি বিষয়ক বিভিন্ন সেবা প্রদান করা হয়। এছাড়া ডোর টু ডোর তথ্যকেন্দ্র এবং উঠান বৈঠকের মাধ্যমে সেবা প্রদান করে আসছে মর্মে সভায় অবহিত করেন। | | |
| ৯ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন অফিসার, তারাগঞ্জ, রংপুর সভায় বলেন, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন এর উপজেলা কমিটি কর্তৃক অনুমোদিত খসড়া ভোটকেন্দ্রের তালিকা জেলা অফিসে প্রেরণ করা হয়েছে। জাতীয় পরিচয়পত্রের সেবা সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটার তালিকা প্রস্তুত করার নিমিত্ত ভোটার স্থানান্তর কার্যক্রম গত ৩০ সেপ্টেম্বর ২০২৩ হতে বন্ধ রয়েছে মর্মে সভায় অবহিত করেন। | দাপ্তরিক নিয়মিত কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার, তারাগঞ্জ |
| ১০ | উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার (এপি), তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, মাধ্যমিক পর্যায়ের ০৮টি স্কুলে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। এছাড়া আরও ০৬টি বিদ্যালয়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনে কার্যক্রম চলমান রয়েছে। ই-নথি ও ডি-নথি ব্যবহারের মাধ্যমে পেপারলেস অফিস গঠনের নিমিত্ত দাপ্তরিক কাজ আরও দ্রুত ও সহজেই সম্পন্ন করা হচ্ছে। যুবক ও উদ্যোক্তাদের দের ফ্রি-ল্যান্সিং প্রশিক্ষণ প্রদান এবং শিক্ষার্থীদের প্রোগ্রামিং প্রশিক্ষণসহ বিভিন্ন কর্মমূখী প্রশিক্ষণের আয়োজন করা। মাধ্যমিক পর্যায়ের শিক্ষকদেরকে আইসিটিতে দক্ষ করে তোলার জন্য শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিটি স্কুল থেকে চার জন করে শিক্ষককে ১০ দিন ব্যাপী 'আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলস্যুটিং ও মেইনটেন্যান্স' বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ২১ দিন ব্যাপী ফ্রন্টিয়ার টেকনোলজি ও ০২ দিন ব্যাপী লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেম, ডিজিটাল কন্টেন্ট ও এ্যাটেনডেন্স বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে মর্মে সভায় অবহিত করেন। | ১. উপজেলার ওয়েব পোর্টাল/ইউনিয়ন ওয়েব পোর্টাল নিয়মিতভাবে হালনাগাদ রাখতে হবে। ওয়েব পোর্টালে যে সকল তথ্য হালনাগাদ নেই সেগুলো বিভিন্ন দপ্তর থেকে নিজ উদ্যোগে সংগ্রহ করে হালনাগাদ করার কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২. সহকারী প্রোগ্রামার, তথ্য ও আইসিটি সকল দপ্তরকে সহযোগিতা করবেন।<br>৩. দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রোগ্রামার, তারাগঞ্জ, রংপুর |
| ১১ | চেয়ারম্যান, ০১নং আলমপুর ইউপি | চেয়ারম্যান, ১নং আলমপুর ইউপি ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথাযথভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ইউনিয়ন পরিষদের কার্যক্রমে গতিশীলতা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান আলমপুর ইউপি, তারাগঞ্জ |
| ১২ | চেয়ারম্যান, ০২নং কুর্শা ইউপি | চেয়ারম্যান, ২নং কুর্শা ইউপি তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথাযথভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ইউনিয়ন পরিষদের কার্যক্রমে গতিশীলতা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান কুর্শা ইউপি, তারাগঞ্জ |
| ১৩ | চেয়ারম্যান, ০৩নং ইকরচালী ইউপি | চেয়ারম্যান, ৩নং ইকরচালী ইউপি তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম যথাযথভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ইউনিয়ন পরিষদের কার্যক্রমে গতিশীলতা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ইকরচালী ইউপি |
| ১৪ | চেয়ারম্যান, ০৪নং হাড়িয়ারকুঠি ইউপি | চেয়ারম্যান, ৪নং হাড়িয়ারকুঠি ইউপি তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রমে গতিশীলতা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান হাড়িয়ারকুঠি ইউপি |
| ১৫ | চেয়ারম্যান, ০৫নং সয়ার ইউপি | চেয়ারম্যান, ৫নং সয়ার ইউপি তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ইউনিয়ন পরিষদের কার্যক্রমে গতিশীলতা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, সয়ার ইউপি |
| ১৬ | আলহাজ্ব মোঃ আতিয়ার রহমান, তারাগঞ্জ, রংপুর | সরকারের নির্দেশনা অনুযায়ী সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে মর্মে মতামত ব্যক্ত করেন | - | এম.পি মহোদয়ের প্রতিনিধি |
| ১৭ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | জনাব মোছাঃ সাবিনা ইয়াছমিন, মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, তারাগঞ্জ উপজেলার উন্নয়নে সংশ্লিষ্ট সকল এবং বিভাগীয় প্রধানগণকে | - | সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | যথাযথভাবে দায়িত্ব পালন করতে হবে। | | |
| ১৮ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | জনাব মোঃ গোলাম ছাইদেল কাওনাইন, ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, বিভাগীয় প্রধানগণকে যথাযথভাবে দায়িত্ব পালন করতে হবে। | - | সংশ্লিষ্ট সকল |

১৯। বিবিধ :

(ক) সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, সাম্প্রতিক সময়ে উপজেলা পরিষদের অভ্যন্তরের বাউন্ডারি ওয়াল নিচু হওয়ার কারণে এবং কাটাতারের বেড়া না থাকায় চুরিসহ কিছু বিচ্ছিন্ন ঘটনা ঘটার কারণে নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। ফলে উপজেলা পরিষদের নিরাপত্তা স্বার্থে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা তারাগঞ্জ উপজেলা পরিষদ চত্বরের চতুর্দিকের বাউন্ডারি ওয়াল মেরামত ও উঁচুসহ কাটাতারের বেড়া স্থাপনের জন্য মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নিরাপত্তার স্বার্থে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা উপজেলা পরিষদ চত্বরের চতুর্দিকের বাউন্ডারি ওয়াল মেরামত ও উঁচুসহ কাটাতারের বেড়া স্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী, তারাগঞ্জ, রংপুরকে প্রাক্কলন প্রস্তুতপূর্বক অনুমোদনের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, তারাগঞ্জ উপজেলা পরিষদ কোয়ার্টারের ওসমান ভবন, কেরামত ভবন এবং ডরমেটরি ভবন মেরামত/সংস্কার করার জন্য মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে তারাগঞ্জ উপজেলা পরিষদ কোয়ার্টারের ওসমান ভবন, কেরামত ভবন এবং ডরমেটরি ভবন মেরামত/সংস্কারের জন্য উপজেলা প্রকৌশলী, তারাগঞ্জ, রংপুরকে প্রাক্কলন প্রস্তুতপূর্বক অনুমোদনসহ বরাদ্দ প্রাপ্তির নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, তারাগঞ্জ উপজেলা পরিষদ চত্বরের ইন্টারনাল রাস্তা অনেকাংশে ভেঙ্গে যাওয়ায় রাস্তাটি মেরামত/সংস্কার করার জন্য মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে তারাগঞ্জ উপজেলা পরিষদ চত্বরের ইন্টারনাল রাস্তাটি মেরামত/সংস্কারের জন্য উপজেলা প্রকৌশলী, তারাগঞ্জ, রংপুরকে প্রাক্কলন প্রস্তুতপূর্বক অনুমোদনসহ বরাদ্দ প্রাপ্তির নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর সভায় জানান যে, আলোচিত বিষয়ের উপর গৃহিত সিদ্ধান্তবলী যথাযথভাবে বাস্তবায়নের মাধ্যমে কাজের গতিশীলতা বৃদ্ধি করতে সকল বিভাগীয় কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে উদ্যোগী হতে আহ্বান জানান। তিনি উপজেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীগণকে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থানের জন্য পুনরায় অনুরোধ জানান।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/১২/২০২৩

(মোঃ আনিছুর রহমান)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তারাগঞ্জ, রংপুর
www.taraganj.rangpur.gov.bd

স্মারক নম্বর : ০৫.৫৫.৮৫৯২.০০০.০০.০০০.২৩. (১০০) তারিখ : ৩১.১২.২০২৩ খ্রি.

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো

১। জনাব আবুল কালাম মোঃ আহসানুল হক চৌধুরী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২০, রংপুর-২ (তারাগঞ্জ-বদরগঞ্জ) ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর;
২। জেলা প্রশাসক, রংপুর;
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর;
৪। জনাব/বেগম............................................... ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর;
৫। উপজেলা ................................................. অফিসার, তারাগঞ্জ, রংপুর;
৬। চেয়ারম্যান ..................................................... ইউনিয়ন পরিষদ, তারাগঞ্জ, রংপুর এবং
৭। জনাব ........................................................................ সদস্য, উপজেলা পরিষদ, তারাগঞ্জ, রংপুর।

৩১।১২।২৩

(মোঃ রুবেল রানা)
উপজেলা নির্বাহী অফিসার
তারাগঞ্জ, রংপুর
ফোন : ০২৫৮৮৮৭৮০৬০
unotaraganj@gmail.com